



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্য/১০/০৯/২০/৭১

তারিখঃ ২৫/০৭/২০২২খ্রিঃ

বিষয়: ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী ৩০/০৬/২০২২ খ্রি: তারিখে সংরক্ষণের মেয়াদকাল ০৬(ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর তা শিক্ষা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রামিক বিল থেকে হিসাবমতে বিধি মোতাবেক কর্তন করে তার সম্মানী/পারিশ্রামিক বিল প্রদান করা হবে। এমতাবস্থায়, তাঁর নিকট বরাদ্দকৃত উত্তরপত্র শিক্ষা বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তা তিনি বিক্রি করে দিতে পারবেন।

মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির পত্র জারির পর ১৫(পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে অবহিত করা হয়েছে। উক্ত সময়-সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

প্রাপক:

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২১ সালের এসএসসি পরীক্ষার সকল বিষয়ের প্রধান পরীক্ষক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৫৩৩৩৫, মোবা: ০১৩০৯০০১৯৮৪

E-mail: conbisemym@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ


১। সচিব, অত্র শিক্ষা বোর্ড;

১। ডিডি (হিওনি), অত্র শিক্ষা বোর্ড;

২। জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭;

৩। সহকারী প্রোগ্রামার, অত্র শিক্ষা বোর্ড(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য);

৪। পিএস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।




(মোঃ কামাল হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

ফোনঃ ০২৯৯৭৭১০৪৪৫।


২৫-৭-২২